

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮৬

আগরতলা, ৬ আগস্ট, ২০১৯

‘দ্রোহকাল’ গ্রন্থের প্রকাশ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
আমরা সমাজের সব অংশের মানুষকে সঙ্গে নিয়ে চলতে চাই

আগরতলা প্রেস ক্লাবে আজ এক অনুষ্ঠানে সাহসী সাংবাদিকতার ৫০ বছর ও অকথিত কাহিনী ‘দ্রোহকাল’ বইয়ের আবরণ উন্মোচন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এই বইটির লেখক রাজ্যের বিশিষ্ট ও বর্ষীয়ান সাংবাদিক সুবল কুমার দে। যার এ বছর সাংবাদিকতার ৫০ বছর পূর্ণ হয়েছে।

প্রদীপ জেলে ও দ্রোহকাল বইয়ের আবরণ উন্মোচন করার পর উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, দ্রোহকাল একটা সংঘর্ষময় জীবনের অধ্যায়। যে অধ্যায় রাজ্যের বিশিষ্ট সাংবাদিক সুবল কুমার দে রচনা করেছেন। এই গ্রন্থ রাজ্যে এক জাগরণ সৃষ্টি করবে। মুখ্যমন্ত্রী শ্রীদেব বলেন, সুবল কুমার দে এক আদর্শ সাংবাদিকের জ্বলন্ত উদাহরণ। তাঁর কাছ থেকে সংবাদ জগতের অনেক কিছু শেখার রয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, আমার রাজনৈতিক জীবনের ‘জীবনী শক্তি’ হলেন সুবল কুমার দে। রাজ্য সরকার চায় সংবাদ মাধ্যম স্বাধীনভাবে কাজ করুক। নতুন সরকারকে গড়েছেন ৩৭ লক্ষ ত্রিপুরাবাসী। আমরা সংবাদপত্র সহ সমাজের সব অংশের মানুষকে সঙ্গে নিয়ে এক সাথে চলতে চাই। আমরা সবকা সাথে সবকা বিকাশ নীতি নিয়েই রাজ্যকে এগিয়ে নিতে চাই।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ, বাংলাদেশ সহকারী হাইকমিশনের সহকারী হাইকমিশনার কিরিটি চাকমা, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুণোদয় সাহা, মুখ্যমন্ত্রী জায়া নীতি দেব, আগরতলা প্রেস ক্লাবের সম্পাদক প্রণব সরকার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্যন্দন পত্রিকার সম্পাদক ও দ্রোহকাল গ্রন্থের লেখক সুবল কুমার দে।

অনুষ্ঠানে গ্রন্থের রূপকার তন্ময় রায় চৌধুরী এবং গ্রন্থের অন্যান্য লেখকদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। এই গ্রন্থের প্রকাশক হলেন অভিষেক দে। গ্রন্থের প্রকাশক স্যন্দন প্রকাশনী। এতে সুবল কুমার দে-র ৫০ বছরের সাংবাদিকতার ইতিহাস তুলে ধরা হয়েছে। বইটির মূল্য ২০০ টাকা। স্বাগত ভাষণ দেন রাজ্যের বিশিষ্ট লেখক অগ্নিকুমার আচার্য।
